আজকের কাগজ ৪৫

তারিখ 23 JUL 1995 পৃষ্ঠা ৮ কলাম ৫

১২ দফা দাবি আদায়ের লক্ষ্যে

# সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ১০ হাজার শিক্ষক আগস্টের প্রথম সপ্তাহে আন্দোলনে যাবে

কাগজ প্রতিবেদক ঃ ১২ দফা দাবি আদায়ের লক্ষ্যে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ১ হাজার শিক্ষক-কর্মকর্তা আগামী মাসের প্রথম সপ্তাহে আন্দোলনে যাবে। তারা তাদের দাবি মেনে নেয়ায় জন্যে সরকারকে ৩১ জুলাই পর্যন্ত সময় দিয়েছে। গতকাল দুপুরে জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ সরকারি মাধ্যমিক শিক্ষক সমিতি আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা জানানো হয়। এতে বক্তব্য রাখেন সমিতির সভাপতি সেকান্দার আলী খলিফা।

সংবাদ সম্মেলনে জানানো হয়, সরকারি মাধ্যমিক শিক্ষকদের ১২ দফা দাবি দীর্ঘ দিন যাবত সরকারের বিভিন্ন পর্যায়ে টেবিলে আলোচিত হয়ে আসছে কিন্তু বাস্তবায়নে তেমন কার্যকরি উদ্যোগ গ্রহণ করা হচ্ছে না। এই দাবি সমূহ জরুরি ভিত্তিতে বাস্তবায়নের জন্যে সমিতি শিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে ৫টি বৈঠকে মিলিত হয়েছে। সর্বশেষ ২৮ অক্টোবর '৯৪ তারিখে মন্ত্রণালয়কে এ ব্যাপারে স্মারকলিপি দেয়া হয়।

ইতিমধ্যে সহকারী প্রধান শিক্ষক/প্রধান শিক্ষক পদে কিছু পদোন্নতি ছাড়া অন্য কোনো দাবি মানা হয়নি।

সরকারি মাধ্যমিক শিক্ষকদের ১২ দফা দাবির মধ্যে প্রধান দাবি হচ্ছে, তাদেরকে ১ম শ্রেণীর গেজেটেড পদ মর্যাদা প্রদান।

সংবাদ সম্মেলনে সমিতির অন্যান্য নেতাদের মধ্যে হাবিবুল্লাহ খান, সাহাবুদ্দিন সিকদার, আবুল হাসান ফারুক, সানাউল্লাহ, জিএমআর আবুল বাসার, আব্দুল আজিজ, মোহাম্মদ ইসহাক প্রমুখ উপস্থিত ছিলেন।